

৬৪ ব্রাকসু নির্বাচনের মনোনয়নপত্র বিতরণ শুরু

বেরোবি প্রতিনিধি



ছবি : কালের কঠ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী
সংসদ (৬৪ ব্রাকসু) ও হল সংসদ নির্বাচন ২০২৫-
এর মনোনয়নপত্র বিতরণ শুরু হয়েছে। রবিবার
(৩০ নভেম্বর) মনোনয়ন বিতরণের প্রথম দিনে
৬৪ ব্রাকসুর বিভিন্ন পদে পাঁচজন প্রার্থী মনোনয়ন
ফরম সংগ্রহ করেছেন।

বিকেল সাড়ে ৫টার দিকে ৬৪ ব্রাকসুর সহকারী
নির্বাচন কমিশনার সহযোগী অধ্যাপক মো.
আমির শরিফ কালের কঠকে বিষয়টি নিশ্চিত
করে জানান, মনোনয়ন বিতরণ প্রথম দিনেই
বেশ সাড়া মিলেছে। আগামীকাল সকাল ১০টা
থেকে বিকেল ৪টা পর্যন্ত আরো শিক্ষার্থী ফরম
নিতে আসবেন বলে আশা করছেন তিনি।

তিনি বলেন, ‘সুন্দর ও উৎসবমুখর পরিবেশে
ব্রাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে বলে আমরা
প্রত্যাশা করছি।’

এদিকে তফসিল অনুযায়ী ২৭ নভেম্বর
মনোনয়নপত্র সংগ্রহের প্রথম দিন থাকলেও
চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ না হওয়ায় সে
দিন কোনো শিক্ষার্থী মনোনয়ন নিতে পারেননি।

মনোনয়নপত্র বিতরণের প্রথম দিনেই
স্বতন্ত্রভাবে ভাইস-প্রেসিডেন্ট (ভিপি) পদে প্রার্থী
হতে ফরম সংগ্রহ করেন গণযোগাযোগ ও
সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী মো. কাউসার
ইসলাম। তিনি বলেন, ‘ভিপি পদপ্রার্থী হিসেবে
মনোনয়ন ফরম সংগ্রহ করলাম।

আমার মূল উদ্দেশ্য ও লক্ষ্য হচ্ছে শিক্ষার্থীদের
উদ্দেশ্য। তাদের চাওয়া পাওয়াই আমার চাওয়া
পাওয়া। এখানে ভিপি পদপ্রার্থী হিসেবে আমার
ব্যক্তিগত চাওয়া পাওয়া নেই।’

প্রসঙ্গত, দীর্ঘদিন ব্রাকসু নির্বাচন বন্ধ থাকায়
শিক্ষার্থীরা বিভিন্ন সময়ে অনশন, সংবাদ
সম্মেলন ও অবস্থান কর্মসূচি পালন
করেছিলেন।

চলমান নির্বাচন প্রক্রিয়ার কারণে শীতকালীন

চুটিও পিছিয়ে দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।